<u>অক্টোবর ২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা'র মাসিক সভার কার্যবিবরণীঃ</u>

সভাপতি ঃ জনাব মোঃ আশরাফুল আলম সরকার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

তারিখ ঃ ১২ অক্টোবর ২০২৩ খ্রিঃ।

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)।

অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-খ)।

জনাব মোঃ আশরাফুল আলম সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কোন প্রকার সংশোধনী /সংযোজনী না থাকায় সর্বসম্মতভাবে তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর আলোচনার মাধ্যমে ধারাবাহিকভাবে সভা পরিচালনা করা হয়।

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি'র ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। ৪জন চেয়ারম্যান বাদে অন্যান্য চেয়ারম্যানগণ প্রকল্প দাখিল করেছেন। পিআইসি যথাসময়ে জমা দেয়া হবে। তিনি সভায় আরো জানান চর খোর্দ্দা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে জমি সংক্রান্ত জটিলতা থাকায় ঠিকাদারকে সাইট বুঝে দেয়া যাচ্ছে না। কয়েকমাস অতিবাহিত হয়ে গেছে। সেক্ষেত্রে চুক্তি বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব উন্নয়ন ও সরকারি বরাদ্দের মাধ্যমে গৃহিত প্রকল্প, প্রকল্প বাস্তবায়ন কমিটি ও টেন্ডার এর মাধ্যমে বাস্তবায়ন যোগ্য অনুমোদিত প্রকল্প তালিকা শীঘ্রই বাস্তবায়নের জন্য কার্যকরী ব্যবস্থা নেয়া হবে। দ্রুত প্রকল্প প্রস্তাব দাখিল করে এডিপি বাস্তবায়নের সহযোগিতার জন্য সংশ্লিষ্টদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা সভাকে জানান, সুন্দরগঞ্জ উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনে পানির পাম্প মেরামত ও আনসার সদস্যদের আগ্নেয়াস্ত্র রাখার জায়গা নির্মাণ, সুন্দরগঞ্জ উপজেলার বিভিন্ন জায়গায় উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ এবং সুন্দরগঞ্জ উপজেলার শারদীয় দুর্গা পূজা উপলক্ষে বিভিন্ন পূজামন্ডপে পানির বোতল সরবরাহ কাজগুলি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩.ক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে প্রাক্কলন প্রস্তুতপূর্বক বিধিমোতাবেক সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়। | ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব উন্নয়ন ও সরকারি বরাদ্দের মাধ্যমে গৃহিত প্রকল্পসমূহ প্রাক্কলন প্রস্তুত করে দ্রুত বিধি মোতাবেক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। চর খোর্দ্দা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে জমি সংক্রান্ত জটিলতা থাকায় তার চুক্তি বাতিল করতে হবে।<br>সুন্দরগঞ্জ উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনে পানির পাম্প মেরামত ও আনসার সদস্যদের আগ্নেয়াস্ত্র রাখার জায়গা নির্মাণ, সুন্দরগঞ্জ উপজেলার বিভিন্ন জায়গায় উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ এবং সুন্দরগঞ্জ উপজেলার শারদীয় দুর্গা পূজা উপলক্ষে বিভিন্ন পূজামন্ডপে পানির বোতল সরবরাহ প্রকল্প সমুহে বরাদ্দকৃত কাজগুলি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩.ক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে প্রাক্কলন অনুমোদন করে বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ২. | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, সেপ্টেম্বর /২৩ মাসে ১৩,১৮১ টি পশুকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। এ যাবৎ এ উপজেলায় ৫৮০টি গরু ল্যাম্পি স্কিন ডিজিজে আক্রান্ত হয়েছে এবং এর মধ্যে ২০টি গরু মারা গেছে ৫৩৯ গরু সুস্থ্য হয়েছে। ল্যাম্পি স্কিন ডিজিজ এখন নিয়ন্ত্রণে এসেছে। বিনামূল্যে পিপিআর এবং খুরা রোগের ভেকসিন দেয়া হচ্ছে। কিছু কিছু এনজিও এ উপজেলায় ল্যাম্পি স্কিন ডিজিজ নিয়ে কাজ করার কথা বলে ঘোরাঘুরি করছে। এ বিষয়ে প্রাণিসম্পদ কর্মকর্তা কিছু জানেন কি না জানতে চাওয়ার | লাম্পি স্কিন ডিসিস প্রতিরোধে প্রাণিসম্পদ বিভাগকে কৃষক/ খামারীদের পাশে থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান অব্যহত রাখিতে হবে।<br>খামারি/কৃষকদের সচেতন করে দ্রুত সঠিক চিকিৎসা গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রেক্ষিতে প্রাণিসম্পদ কর্মকর্তা জানান ল্যাম্পি স্কিন ডিসিস বিষয়ে কোন এনজিও'র কাজ করার কোন সুযোগ নেই। এটি একটি নতুন ডিসিস এ নিয়ে দেশের প্রাণি বিজ্ঞানীরা এখনও গবেষণা করছেন। সঠিক চিকিৎসা এখনও আবিস্কার হয় নি। সরকারি নির্দেশনা অনুযায়ী প্রাণিসম্পদ বিভাগ খামারী/ কৃষকদের প্রয়োজনীয় চিকিৎসা এবং পরামর্শ প্রদান করে চলছে। কোন এনজিও'র ফাঁদে না পড়ার উপর গুরুত্বারোপ করেন। | | |
| ৩. | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা, সুন্দরগঞ্জ জানান, ১২ অক্টোবর ২০২৩ হতে নভেম্বর ২০২৩ পর্যন্ত ইলিশ ধরা নিষেধ রয়েছে। নিবন্ধনকৃত জেলেদের মাঝে ২৫ কেজি করে চাউল বিতরণ করা হবে। তিনি সংশ্লিষ্ট ইউনিয়নের ট্যাগ অফিসার ও চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। | সংশ্লিষ্ট ট্যাগ অফিসার ও ইউপি চেয়ারম্যান নিবন্ধনকৃত জেলেদের মাঝে জিআর এর চাউল সুষ্ঠুভাবে বিতরণে সহযোগিতা করবেন। | উপজেলা মৎস্য অফিসার |
| ৪. | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভাকে বলেন, আবহাওয়া অনুকূলে থাকায় আমন ফসলের বাম্পার ফলন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। এ বছর রবি মৌসুমে ৬৭৬০ বিঘা জমিতে গম, ভুট্টা, সরিষা, চিনা বাদাম, মশুর ডাল সয়াবিন, সূর্যমুখী তেলের চাষের জন্য ৬৭৬০ জন কৃষকের মাঝে সার ও বীজ প্রণোদনা দেয়া হয়েছে এবং রবি মৌসুমে কৃষকদেরকে সরিষা চাষে উৎসাহিত করা হচ্ছে। সরিষা চাষে নির্ধারিত লক্ষমাত্রা অর্জনে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | রবি ফসল চাষে কৃষকদের সঠিক পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে এবং প্রণোদনার কৃষক নির্বাচনে ইউপি চেয়ারম্যান/মেম্বরদের সাথে সমন্বয় করতে হবে। | উপজেলা কৃষি বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ৫. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অতিঃ দাঃ), সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সবায় উপস্তিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| ৮. | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্তিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ৯. | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, যুব প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য পৌরসভার মধ্যে ৫০ শতাংশ জমি অধিগ্রহণের জন্য প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। প্রশিক্ষণ কেন্দ্র নির্মিত হলে উপজেলার বেকার যুবকদের স্বাবলম্বী করে গড়ে তুলতে সারা বছরব্যাপী প্রশিক্ষণ প্রদান অনেকটা সহজ হবে। | দ্রুত যুব প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে সর্বক্ষণিকভাবে অধিদপ্তরে যোগাযোগ করে অগ্রগতি সভাকে অবহিত করতে হবে। প্রতিমাসে কতজন প্রশিক্ষনার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন তা জানাতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এইচএসসি পরীক্ষায় তদারকি অফিসারের দায়িত্বে নিয়োজিত থাকায় অনুপস্থিত । | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১১. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান, উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। কোথাও কোন সমস্যা হলে তা তাৎক্ষনিক সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়। চর কাপাসিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে কোন ছাত্র/ছাত্রী নেই। শিক্ষকগণ বিদ্যালয়ে নিয়মিত আসলেও পাঠদান কার্যক্রম হয়না। তিনি এ বিদ্যালয়ের শিক্ষকগণকে অন্য স্কুলে বদলী দেয়া যায় কিনা সে বিষয়ে সভার সকল সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। ভাটি বুড়াইর সরকারী প্রাথমিক বিদ্যালয়টি নদী ভাঙ্গনের কবলে পড়েছে। বিদ্যালয়টি থেকে নদীর দূরত্ব মাত্র ৫০ ফুট । যেকোন মুহূর্তে বিদ্যালয়টি নদী গর্ভে বিলীন হতে পারে। ভাটির চর ও মধ্য সাহাবাজ সরকারী প্রাথমিক বিদ্যালয় দুটিরও অবস্থা একই রকম। উপজেলা শিক্ষা অফিসার এ বিষয়ে আশু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। | উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ কর্তৃক বিদ্যালয়ের সকল কার্যক্রম মনিটরিং করতে হবে। ভাটি কাপাসিয়া স্কুলের বিষয়ে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার যৌথভাবে সরেজমিন তদন্ত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ভাটিরচর সরকারী প্রাথমিক বিদ্যালয় ও সাহাবাজ সরকারী প্রাথমিক বিদ্যালয় নদী গর্বে বিলীন হওয়ার বিষয়ে প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে আবেদন গ্রহণ করে তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করা হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান উপজেলায় বিভিন্ন ব্যক্তির নিকট বিভিন্ন মোবাইল নম্বর ক্লোন করে অনেক ব্যক্তির নিকট থেকে বিভিন্ন প্রকার ভাতা বা অনুদান দেয়ার কথা বলে টাকা দাবী করছেন। যা আতঙ্কের বিষয়। তাই তিনি এ বিষয়ে সকলকে সতর্ক থাকার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া ২০২৩-২০২৪ অর্থ বছরে বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধি ভাতা বরাদ্দ সাপেক্ষে ভাতা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে মর্মেও তিনি সভাকে জানান। তিনি সভায় আরো জানান, ২০২৩-২৪ অর্থ বছরে পেরোল প্রেরণ করা হয়েছে। ৫৩৫৪৭জন ভাতাভোগী । লাইফ ভেরিফিকেশন ৪৯৪৩ জন। পেরোল যায়নি। নতুন ২০,০০০ ভাতাভোগী আছে। এ মাসে বরাদ্দ দেয়া হবে। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে মোবাইল নম্বর ক্লোন করে যাতে কোন ব্যক্তিকে প্রতারনায় ফেলতে না পারে সে বিষয়ে সকল চেয়ারম্যান সতর্ক থাকবেন। ২০২৩-২০২৪ অর্থ বছরে বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধি ভাতা বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট চেয়ারম্যা ও উপজেলা সমাজ সেবা অফিসার ভাতা প্রদানের কার্যক্রম গ্রহণ করবেন। সকল চেয়ারম্যান এ বছরের নতুন ভাতাভোগীর তালিকা প্রেরণ করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার , ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিস্ট সকল |
| ১৩. | সামাজিক বন বিভাগ | ফরেস্টার, উপজেলা বন বিভাগ, সভাকে জানান, তার দপ্তর থেকে অক্টোবর /২৩ মাসে ১০০টি চারা বিক্রয় করা হয়েছে। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় সংসদীয় আসনে ৫০০০টি বিভিন্ন প্রাজতির চার বিনামূল্যে বিতরণের জন্য ২৯ গাইবান্ধা ১ আসনের মাননীয় সংসদ সদস্য অনুকুলে বরাদ্দ পওয়া যায় । বরাদ্দ অনুযায়ী প্রতি চেয়ারম্যানকে ২০০টি করে মোট ৩০০০টি চারা এবং ব্যক্তি পর্যায়ে ২০০০টি চারা বিনামূল্যে বিতরণের জন্য তালিকা পাওয়া গিয়েছে । তালিকা অনুযায়ী চারা সমূহ বিনামূল্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ইউনিয়ন পরিষদের রাস্তার গাছ কর্তনের আবেদন সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অবহিত করে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবর দাখিল করতে হবে। বরাদ্দ অনুযায়ী প্রতি চেয়ারম্যানকে ২০০টি করে মোট ৩০০০টি চারা এবং ব্যক্তি পর্যায়ে ২০০০টি চারা বিনামূল্যে বিতরণের জন্য তালিকা পাওয়া গিয়েছে । তালিকা অনুযায়ী চারা সমূহ বিনামূল্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ইউপি চেয়ারম্যান, ফরেস্টার সামাজিক বন বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ১৪. | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার অনুপস্তিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্তিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাচন অফিস ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের টিআর ও কাবিখা'র বরাদ্দ পাওয়া গেছে। যা ইতোমধ্যে বিভাজন করা হয়েছে। চেয়ারম্যানদের ইউপি সভার রেজুলেশনসহ প্রকল্প দাখিল করার উপর গুরুত্বারোপ করেন। | সরকারি বিধি অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের স্বার্থে যথাযথ নিয়ম অনুরসণ করে প্রকল্প প্রস্তাবনা দাখিল করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৬. | পল্লী বিদ্যুৎ | ডিজিএম পল্লী বিদ্যুৎ, সুন্দরগঞ্জ জানান, সুন্দরগঞ্জ উপজেলায় নির্মিত "ক" শ্রেণীর ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদান অব্যাহত আছে। এ পর্যন্ত ১৬৯২ জনের ঘরে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে৷ ৮৮টি ঘর বাকী আছে। এই ৮৮টি ঘরে কুড়িগ্রাম পল্লী বিদ্যুৎ সংযোগ দিবেন৷ কোন কোন ঘরে বিদ্যুৎ না যাওয়ায় তিনির দুঃখ প্রকাশ করেন৷ তিনি আরো জানান, যাদের ছবি, আইডি কার্ড নাই তাদের বিদুৎ সংযোগ দেয়া যাচ্ছে না। সকল আশ্রয়নে পোল গিয়েছে৷ মালামাল গেলেই বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে৷ তাগিদ দেয়া হচ্ছে৷ তিনি নিরাপদ বিদ্যুৎ ব্যবহারের জন্য সভায় অনরোধ জানান৷দুর্গাপূজা উপলক্ষে প্রতিটি মন্দিরে বিদ্যুৎ সংযোগ দেয়া হচ্ছে৷ সেচ মেশিনে দ্যিুৎ সংযোগ চলমান রয়েছে৷ তিনি নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুরোধ জানান৷ তিনি সভায় আরো জানান ৪৩টি অবৈধ সেচ লাইসেন্স দেয়া হয়েছে। এ গুরোতে বিদ্যুৎ সংযোগ দেয়া যাবে না৷ | "ক" শ্রেণীর ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত হাল নাগাদ তথ্যাদি নিয়মিতভাবে উপজেলা নির্বাহী অফিসারকে সরবরাহ করতে হবে। অবৈধ সেচ লাইসেন্সধারীদের বিদ্যুৎ সংযোগ দেয়া হবে না৷নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধে গ্রাহকদেরকে সচেতন করতে হবে এবং নিরাপদ বিদ্যুৎ ব্যহার নিশ্চিত করতে হবে৷ | ডিজিএম পল্লী বিদ্যুৎ ও সংশ্লিষ্ট সকল |
| ১৭. | মহিলা বিষয়ক অফিস | মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিডব্লিউবি এর বরাদ্দ পাওয়া গেছে। প্রতি মাসের ১ থেকে ১২ তারিখের মধ্যে মাল বিতরণ করা হয়৷ গত মাসের মাল বিতরণের মাস্টার রোল এখনও পাওয়া যায়নি৷ তিনি আগামী ২০ তারিখের মধ্যে মা ও শিশু ভাতা বিতরণের জন্য উপকারভোগীদের নামের তালিকা জমা দেয়ার সভায় অনুরোধ জানান৷ জয়িতার নামের তালিকাও আগামী ১০ তারিখের মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ জানান৷ এছাড়া প্রতিটি ইউনিয়নে বাল্য বিবাহ প্রতিরোধ সংক্রান্ত ইউনিয়ন কমিটি গঠনের জন্য অনুরোধ জানান৷ | ভিডব্লিউবি এর প্রতি মাসের ১ থেকে ১২ তারিখের মধ্যে মাল বিতরণ নিশ্চিত করতে হবে৷ জরুরী ভিত্তিতে মাল বিতরণের মাস্টার রোল জমা দিতে হবে৷। মা ও শিশু সহায়তা সুবিধাভোগী নির্বাচনে 'ক' শ্রেণির ঘর বরাদ্দ প্রাপ্তদের অগ্রাধিকার প্রদান করতে হবে। জরুরী ভিত্তিতে মা ও শিশু ভাতা প্রদানের উপকারভোগীদের তালিকা জমা দিতে হবে৷আগামী মাসের ১০ তারিখের মধ্যে জয়িতার নামের তালিকা জমা নিশ্চিত করতে হবে৷ জরুরী ভিত্তিতে প্রতিটি ইউনিয়নে বাল্য বিবাহ নিরোধ সংক্রান্ত ইউনিয়ন কমিটি গঠন করতে হবে৷ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভারপ্রাপ্ত কর্মকর্তা খাদ্য গুদাম,ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৮. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভাকে জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে এ বছর ৩৯০টি নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে৷ প্রতিটি ইউনিয়নে ২৬টি করে নলকূপ সরবরাহ করা যাবে৷তালিকা পাওয়া গেলে নলকূপ বিতরণ করা যাবে৷ | জরুরী ভিত্তিতে তালিকা সংগ্রহ করে নলকূপ বিতরণ এবং স্থাপন করা হবে৷ | উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | সহকারী প্রোগ্রামার (আইসিটি) | সহকারী প্রোগ্রামার (আইসিটি) জানান, উপজেলার সকল অফিস/দপ্তর ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) করার জন্য বার বার অনুরোধ করা হলেও এখন পর্যন্ত অনেকে আপডেট করছেন না। ইউনিয়ন পরিষদ সচিব ও উদ্যোক্তাদের গতিশীল করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাংগানোর পর প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয় । প্রতিটি উপজেলায় আগামী ১৮ তারিখে শেখ রাসেল ল্যাব পাওয়ার কথা। টিসিবি মাল বিতরণের জন্য গত ৬/০৭/২০২৩ তারিখে ডিলারদের চিঠি দেয়া হয়েছে।তিনটি ইউনিয়নের তালিকা এখনও পাওয়া যায়নি। | উপজেলার সকল অফিস ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) নিশ্চিত করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাংগানো নিশ্চিত করে জরুরীভাবে প্রতিবেদন দাখিল করতে হবে। যে তিনটি ইউনিয়ন এখনও টিসিবি এর তালিকা দিতে পারে নাই, তাদেরকে কারণ দর্শানো হোক। | সহকারী প্রোগ্রার আইসিটি, ইউপি চেয়ারম্যান, সকল অফিস প্রধানগণ ও সংশ্লিষ্ট সকল |
| ২০. | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, ২০২৩-২৪ অর্থ বছরে ৪টি আশ্রয়ন প্রকল্পে প্রশিক্ষণ দেয়া হবে। ১টি দেয়া হয়েছে । আগামী জুনের মধ্যে ৪টি প্রশিক্ষণ সমাপ্ত করা হবে। | আগামী জুনের মধ্যে প্রশিক্ষণ সমূহ সমাপ্ত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ২১. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান, ২০২৩ বোরো মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান সংগ্রহ অভিযান শেষ হয়েছে। দহবন্দ ইউনিয়নের ঝিনিয়ার একজন ডিলার অনিয়ম করার কারণে ডিলারশীপ বাতিল করা হয়েছে। উক্ত স্থলে একজন ডিলার নিয়োগ করা প্রয়োজন। তিনি উক্ত স্থলে কার মারফত মাল বিক্রয় করা হবে সে বিষয়ে সদয় নির্দেশনা কামনা করেন। | দহবন্দ ইউনিয়নের ঝিনিয়ায় একজন ডিলার নিয়োগ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাতিলকৃত ডিলারের স্থলে পার্শ্ববর্তী একজন ডিলারের মাধ্যমে টিসিবি এর মাল বিক্রয় এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল |
| ২২. | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান, উঠান বৈঠক নিয়মিত করা হচ্ছে। বর্তমানে উঠান বৈঠকের বরাদ্দ পাওয়া গিয়েছে। সকলের সহযোগিতায় স্থান নির্বাচন করে সরকারী কার্যক্রম গ্রামীণ পর্যায়ের নারীদের প্রশিক্ষণ দেয়া হবে। কোথাও কোন উদ্যোক্তা তাদের উৎপন্ন দ্রব্য বিক্রয়ে সমস্যা মনে করলে আমাদের কাছে আসলে আমরা তা বিক্রয় করার ব্যবস্থা গ্রহণ করবো। | উঠান বৈঠক নিয়মিত পরিচালনা করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ২৩. | (বিএডিসি ক্ষুদ্র সেচ) | উপজেলা (বিএডিসি ক্ষুদ্র সেচ) সভায় জানান, ক্ষুদ্র সেচের লাইসেন্স প্রদানের বিষয়ে সরেজমিন্ তদন্ত পূর্বক লাইসেন্স প্রদান করা হচ্ছে। | ক্ষুদ্র সেচের লাইসেন্স প্রদানের বিষয়ে সরেজমিন তদন্ত পূর্বক লাইসেন্স প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) |
| ২৪. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা নির্বাচন অফিসার অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিষদ |
| ২৫. | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ ধার অব্যাহত রাখতে হবে। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা |
| ২৬. | স্টেশন মাস্টার (ফায়ার সার্ভিস) | স্টেশন মাস্টার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | স্টেশন মাস্টার, ফায়ার সার্ভিস |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭. | জেলা মার্কেটিং অফিসার গাইবান্ধা | উপজেলা নির্বাচন অফিসার অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | পৌর মেয়র, সুন্দরগঞ্জ, দোকান মালিক সমিতি ও সংশ্লিষ্ট সকল |
| ২৮. | অফিসার ইন চার্জ সুন্দরগঞ্জ থানা | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা, সভায় অনুপস্থিত থাকায় আইন-শৃঙ্খলা সংক্রান্ত কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | অফিসার ইন চার্জ সুন্দরগঞ্জ থানা |
| ২৯. | অন্যান্য বিভাগীয় কর্মকর্তা | উপস্থিত অন্যান্য বিভাগীয় কর্মকর্তাগণ জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অনুপস্থিত কর্মকর্তাদের দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব না হওয়ায় তাদেরকে উপজেলা পরিষদের আগামী মাসিক সভাসহ প্রতিটি সভায় নিয়মিতভাবে উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রমের তথ্যাদি সভাকে অবহিত করার উপর গুরুত্বারোপ করা হয়। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | বিভাগীয়/দপ্তর/ অফিস প্রধানগণ |
| ৩০. | ইউপি চেয়ারম্যান | <u>চেয়ারম্যান বেলকা ইউপি</u> ঃ<br>চেয়ারম্যান বেলকা ইউপি জানান, তিস্তা সেতুর কাজ চলমান থাকায় বাধের রাস্তার কাজ চলমান রয়েছে। বাধের রাস্তার কাজ ধীরগতিতে হওয়ায় জনসাধারণের চলাচলে ব্যঘাত ঘটছে। তিনি জনসাধারণের চলাচলের সুবিধার্থে দ্রুত গতিতে কাজ সম্পন্ন করার জন্য সভায় অনুরোধ জানান। রাস্তায় কার্পেটিং করার সময় সকল গর্ত প্রয়োজনীয় খোয়া দিয়ে পূরণ করার জন্য অনুরোধ জানান।<br><u>চেয়ারম্যান ছাপড়হাটী ইউপিঃ</u> চেয়ারম্যান ছাপড়হাটী ইউপি সভাকে জানান, মন্ডলের হাট হতে ১কিঃ মিঃ রাস্তার কাজ বন্ধ আছে। ঠিকাদারের সঙ্গে কথা বলে রাস্তার কাজ বন্ধ করে দেয়ার জন্য তিনি সভায় অনুরোধ জানান, মেছেরের ঘাট হতে যানপাড় পর্যন্ত রাস্তায় খোয়া ফেলানো এবং মাটির কাজ এ এখনও হয়নি। | • বেলকা হয়ে তিস্তা ব্রীজ অভিমুখে নির্মানাধীন রাস্তার কার্পেটিং করার সময় গর্ত সমূহ প্রয়োজন পরিমান খোয়া দিয়ে গর্ত পূরণ করতে হবে। রাস্তায় কার্পেটিং করার সময় চেয়ারম্যান বেলকা ইউপি উপস্থিত থাকবেন।<br>ছাপড়হাটী ইউনিয়নের মন্ডলের হাটের ১কি: মি: রাস্তার কাজ সউপজেলা প্রকৌশলী সরেজমিন তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | সহকারী কমিশনার (ভূমি), উপজেলা, প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধোপাডাঙ্গা ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ৩১. | মেয়র সুন্দরগঞ্জ পৌরসভা | উপজেলা নির্বাচন অফিসার অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | মেয়র সুন্দরগঞ্জ পৌরসভা ও সংশ্লিস্ট সকর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান-<br>ক. উপজেলায় বিভিন্ন ব্যক্তির নিকট বিভিন্ন মোবাইল থেকে ইউএনও এর নম্বর ক্লোন করে ইউপি চেয়ারম্যানসহ অনেক ব্যক্তির নিকট থেকে বিভিন্ন প্রকার ভাতা, বিভিন্ন প্রকল্প বা অনুদান দেয়ার কথা বলে টাকা দাবী করছেন ; যা আতঙ্কের *বিষয়। তাই তিনি এ বিষয়ে সকলকে সতর্ক থাকার* জন্য সভায় অনুরোধ জানান। | ক) মোবাইল নম্বর ক্লোন করার বিষয়ে সকলকে সতর্ক থাকতে হবে। এ ধরণের ঘটনার উদঘাটন হলে তাৎক্ষনিকভাবে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, পৌর মেয়র, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিস্ট সকল |
| | | খ. ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধিতে সাধারণ মানুষ অস্থির হয়ে পড়ছেন। এর বিস্তার রোধে ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে সকলকে কাজ করতে হবে। আগামী ২৯ অক্টোবর হতে ৪ নভেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ পালনের নির্দেশনা রয়েছে।। এ সপ্তাহটি আন্তরিকতার সঙ্গে পালনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | খ) আগামী ২৯ অক্টোবর হতে ৪ নভেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ পালনের জন্য মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যান সুনিসর্দিষ্ট প্রকল্প গ্রহণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।। | |
| | | গ) সর্বজনীন পেনশন স্কীম সরকারের একটি বিশেষ কর্মসূচি। এ কর্মসূচি বাস্তবায়নে পেনশন সুবিধা নিতে উদ্বুদ্ধ করতে সকলকে একযোগে কাজ করতে হবে। | গ) সর্বজনীন পেনশন স্কীম বাস্তবায়নে পেনশন সুবিধা নিতে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধ করতে হবে। | |
| | | ঘ) উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটিসমূহের নিয়মিতভাবে সভা অনুষ্ঠান করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিল করার উপর গুরুত্বারোপ করেন। | ঘ) উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটিসমূহের নিয়মিতভাবে সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে। | |
| | | ঙ) ইউনিয়ন পরিষদসহ সকল বিভাগের ওয়েব পোর্টাল জরুরীভাবে হালনাগাদ করতে হবে। | ঙ) ইউনিয়ন পরিষদসহ সকল বিভাগের ওয়েব পোর্টাল আগামী ৩ দিনের মধ্যে হালনাগাদ করতে হবে। | |
| | | চ) সুন্দরগঞ্জ পৌরসভা ২০২৩-২০২৪ অর্থ বছরে সুন্দরগঞ্জ উপজেলা পরিষদের বিভিন্ন স্থাপনার (অফিস ভবন, বাসাবাড়ী ও অন্যান্যসহ) পৌর কর পরিশোধের জন্য ১৭,১১,৯৬৫/- ( সতের লক্ষ এগার হাজার নয় শত পয়ষট্টী) টাকার বিল দাখিল করেছেন। যা পরিশোধ করা যেতে পারে। | চ) সুন্দরগঞ্জ পৌরসভা ২০২৩-২০২৪ অর্থ বছরে সুন্দরগঞ্জ উপজেলা পরিষদের পৌর কর বাবদ দাখিলকৃত ১৭,১১,৯৬৫/- ( সতের লক্ষ এগার হাজার নয় শত পয়ষট্টী) টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৩৩ | জনাব মোঃ আশরাফুল আলম সরকার চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সৌহার্দ্যপূর্ন পরিবেশে সভা অনুষ্ঠানের জন্য সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।<br>তিনি ডেঙ্গু বিস্তার রোধে পরিচ্ছন্নতা সপ্তাহ যথাযথভাবে পালনের জন্য সকলকে অনুরোধ জানান। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ডেঙ্গু বিস্তার রোধে পরিচ্ছন্নতা সপ্তাহ যথাযথভাবে পালনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলার সকল দপ্তর প্রধান, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| | | তিনি সভায় আরো জনান, সুন্দরগঞ্জ উপজেলায় প্রায় ৮ লক্ষাধিক মানুষ বসবাস করেন। সে তুলনায় স্বাস্থ্য সেবার জন্য হাসপাতালে ৫০ শর্যা বিশিষ্ট হাসপাতাল স্বাভাবিক চিকিৎসা সেবার জন্য অপ্রতুল। তিনি সুন্দরগঞ্জ উপজেলায় ১০০ শর্যা বিশিষ্ট একটি হাসপাতাল স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। | সুন্দরগঞ্জ উপজেলায় ১০০ শর্য্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপনের প্রস্তাব প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | |
| | | তিনি সভায় আরো জানান, বোরে মৌসুম খুব আসন্ন। তাই সেচ লাইসেন্স নবায়নসহ নতুন লাইসেন্স প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সতর্কতা অবলম্বন করা প্রয়োজন।। বিশেষ করে পুরাতন লাইসেন্স সমূহ নবায়নের ক্ষেত্রে অনেক সময় দেখা যায় কিছু অবৈধ/ভূয়া লাইসেন্স নবায়ন করে নিয়ে যায়। তাই এ বিষয়ে অধিকতর সতর্কতা অবলবম্বন করা প্রয়োজন।আবার কোন কৃষক যাতে হয়রানির স্বীকার না হয় সে দিকেও নজর রাখা প্রয়োজন।। | আসন্ন বোরো মৌসুমে নতুন সেচ লাইসেন্স প্রদানের ক্ষেত্রে এবং পুরাতন লাইসেন্স নবায়নের ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে। | |

### ১১/০৯/২০২৩ হতে ১২/১০/২০২৩ পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের ব্যয়সমূহ ঃ

| | | | |
|---|---|---|---|
| ক | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের সেপ্টেম্বর-২৩ মাসের সম্মানী ভাতা | ঃ | ৯৯,০০ |
| খ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের সেপ্টেম্বর -২৩ মাসের ভ্রমণ ভাতা | ঃ | ৩৫,৭৫০/ |
| গ | সেপ্টেম্বর -২৩ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক ব্যয় | ঃ | ৩৫,০০০/- |
| ঘ | সেপ্টেম্বর -২৩ মাসের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাতের ব্যয় | ঃ | ৫৭.১০০/- |
| ঙ | সেপ্টেম্বর -২৩ মাসের উপজেলা পরিষদে দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত ২ জন শ্রমিকের মজুরী বাবদ ব্যয় | ঃ | ১৮,০০০/- |
| চ | সেপ্টেম্বর -২৩ মাসের উপজেলা পরিষদ জীপ গাড়ী নং- গাইবান্ধা ঘ-১১- ০০২২ এর জ্বালানী বাবদ ব্যয় | ঃ | ২৫,১১৬/- |

বিস্তারিত আলোচনার পর বর্ণিত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভা পরিচালনায় সহযোগিতা প্রদানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আশরাফুল আলম সরকার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০২.২০১৫- (৪৫) তারিখ ঃ ২৮ আশ্বিন ১৪৩০ / ১২ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯, গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ)।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৭। মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, গাইবান্ধা।
০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
১০। উপজেলা . . . . . . . . . . . . . . অফিসার (সকল) সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
১১। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা, গাইবান্ধা।
১২। চেয়ারম্যান, . . . . . . . . . ইউপি (সকল), সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
১৩। অফিস কপি।

(মোঃ তরিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোন ঃ ০২৫৮৯৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd

১২/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২৩ মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে)ঃ

**পরিশিষ্ট 'ক'**

| ক্র | নাম/পদবী | প্রতিনিধি | স্বাক্ষরিত |
|---|---|---|---|
| ১. | মোঃ আশরাফুল আলম সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | |
| ২. | মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | |
| ৩. | মোঃ সফিউল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | |
| ৪. | মোছাঃ উম্মে সালমা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | |
| ৫. | চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | |
| ৬. | চেয়ারম্যান, তারাপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | |
| ৭. | চেয়ারম্যান, বেলকা ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | |

| | | | |
|---|---|---|---|
| ৮. | চেয়ারম্যান, দহবন্দ ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৯. | চেয়ারম্যান, সর্বানন্দ, ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১০. | চেয়ারম্যান, রামজীবন ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১১. | চেয়ারম্যান, ধোপাডাঙ্গা ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১২. | চেয়ারম্যান, শান্তিরাম ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১৩. | চেয়ারম্যান, হরিপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১৪. | চেয়ারম্যান, কঞ্চিবাড়ী ইউনিয় পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১৫. | চেয়ারম্যান, শ্রীপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১৬. | চেয়ারম্যান, চন্ডিপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১৭. | চেয়ারম্যান, কাপাসিয়াম ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১৮. | উপজেলা প্রানিসম্পদ অফিসার সুন্দরগঞ্জ,গাইবান্ধা | | " |
| ১৯. | উপজেলা কৃষি অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২০. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি,সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২১. | উপজেলা সমাজসেবা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | প্রতিনিধি | " |
| ২২. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২৪. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২৫. | উপজেলা যুব উন্নয়ন অফিসার , সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২৬. | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২৮. | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) , সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২৯. | ডিজিএম,পল্লী বিদ্যুৎ, জোনাল অফিস, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৩০. | উপজেলা ফরেস্টার, বন বিভাগ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৩১. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৩২. | সহকারী প্রোগ্রামার, (আইসিটি), সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৩৩. | উপজেলা পরিসংখ্যান অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৩৪. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৩৫. | স্টেশন ইনচার্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৩৬. | উপজেলা ডেপলপমেন্ট ফেসিলেটর (ইউডিএফ- জাইকা) | | " |
| ৩৭. | উপজেলা পাট উন্নয়ন অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | |

অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'খ'

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, সোনারায় ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ২. | চেয়ারম্যান, ছাপড়হাটী ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সুন্দরগঞ্জ,গাইবান্ধা | |
| ৪. | উপজেলা মৎস্য অফিসার, সুন্দরগঞ্জ,গাইবান্ধা | |
| ৫. | উপজেলা নির্বাচন অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ৬. | অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা, গাইবান্ধা | |
| ৭. | উপজেলা শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ৮. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ৯. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সুন্দরগঞ্জ,গাইবান্ধা | |
| ১০. | উপজেলা সমবায় অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ১১. | সহকারী প্রকৌশলী বিএডিসি (ক্ষুদ্র সেচ প্রকল্প), সুন্দরগঞ্জ | |

স্বাক্ষরিত/-
(মোঃ তরিকুল-ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা